



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax:8189029

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.০২৪.১২ - ২২৪৬

তারিখঃ ০২/১১/২০১৪ খ্রিঃ


বিষয়ঃ সেলাই ও এমব্রয়ডারি ট্রেডের প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত উপকারভোগী প্রশিক্ষণার্থী মনোনয়নপূর্বক তাদেরকে প্রশিক্ষণে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্প এর আওতায় আয়বর্ধক কর্মকাণ্ডে প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের জন্য গোপালগঞ্জ জেলার কোটালিপাড়াস্থ “বঙ্গবন্ধু দরিদ্র বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স (বর্তমানে বাপার্ড)” এ আগামী ১৩/১১/২০১৪ খ্রিঃ হতে ১২/১২/২০১৪ খ্রিঃ পর্যন্ত ৩০ দিন ব্যাপী সেলাই ও এমব্রয়ডারি বিষয়ে ৪০ জনের একটি ব্যাচে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকা মোতাবেক নির্দিষ্ট সংখ্যক প্রাথমিক সমিতি’র সুফলভোগীদেরকে উপজেলাসমূহ হতে প্রকল্পের স্মারকঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৪.১২.৯৮১, তারিখঃ ১৭/০৭/২০১৩ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক নির্বাচিত করতে হবে। এ’ক্ষেত্রে প্রাথমিক সমিতি’র সিদ্ধান্তের আলোকে উপজেলা নির্বাহী অফিসারকে সম্পূর্ণ রেখে মনোনয়ন চূড়ান্ত করতে হবে। নির্ধারিত সূচি মোতাবেক প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের ছাড়পত্রের অনুলিপি প্রশিক্ষণ শুরুর নূন্যতম ৩ দিন পূর্বে প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করতে হবে। উল্লেখ্য, একজন সুফলভোগী একের অধিক আইজিএ প্রশিক্ষণ এবং কোন সমিতি’র ২ এর অধিক সদস্য যেন সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণের সুযোগ না পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

২। নির্বাচিত সুফলভোগী সদস্যদেরকে ১২/১১/২০১৪ খ্রিঃ বুধবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে গোপালগঞ্জের কোটালিপাড়াস্থ বাপার্ডে উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ উপজেলা ভিত্তিক সুফলভোগীদের তালিকা।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
.....উপজেলা (১৮)


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮০১৪৪

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.০২৪.১২ -

তারিখঃ ০২/১১/২০১৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-


১. মহাপরিচালক (বাপার্ড), কোটালিপাড়া, গোপালগঞ্জ।
২. উপ পরিচালক, বিআরডিবি, যশোর/বিনাইদহ/খুলনা/সাতক্ষীরা/বরিশাল/ঝালকাঠি/ পটুয়াখালী/পিরোজপুর/ভোলা।
৩. উপজেলা নির্বাহী অফিসার.....উপজেলা যশোর/নড়াইল/বিনাইদহ/মাগুরা/খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/বরিশাল/ঝালকাঠি/ পটুয়াখালী/পিরোজপুর/ভোলা জেলা।
৪. প্রোগ্রামার (ইরেসপো) বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি/সংশ্লিষ্ট নথি।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮০১৪৪

সেলাই ও এমব্রয়ডারি ট্রেডে উপজেলাভিত্তিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী সুফলভোগী সদস্যদের সংখ্যা

তারিখ : ১৩/১১/২০১৪ খ্রিঃ হতে ১২/১২/২০১৪ খ্রিঃ পর্যন্ত।

জেলা	ক্রঃ নং	উপজেলা	সুফলভোগী সদস্যের সংখ্যা
যশোর	১	অভয়নগর	৩
মাগুরা	২	নড়াইল সদর	২
বিনাইদহ	৩	বিনাইদহ সদর	২
	৪	কালীগঞ্জ	২
মাগুরা	৫	মাগুড়া সদর	২
	৬	শালিখা	২
	৭	মোহাম্মদপুর	২
খুলনা	৮	দাকোপ	২
সাতক্ষীরা	৯	সাতক্ষীরা সদর	২
	১০	দেবহাটা	২
বাগেরহাট	১১	কচুয়া	২
বরিশাল	১২	মেহেন্দীগঞ্জ	২
ঝালকাঠি	১৩	ঝালকাঠি সদর	২
পটুয়াখালী	১৪	কলাপাড়া	২
পিরোজপুর	১৫	মঠবাড়িয়া	৩
	১৬	নাজিরপুর	২
ভোলা	১৭	মনপুরা	৪
	১৮	চরফ্যাশন	২
মোট			৪০


০২/১২/১৪